


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায় যোগাযোগ/০৪/২০১৯/০৬

তারিখ: ১১.০১.২০২১ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রি/আপডেট করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের HSP MIS এ তথ্য এন্ট্রি/আপডেট করার জন্য ইতোপূর্বে পত্র প্রদান করা হলেও বহু শিক্ষা প্রতিষ্ঠান অদ্যাবধি প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রি/আপডেট করেনি। ফলে উপবৃত্তি ও টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হবে। আগামী ২১.০১.২০২১ তারিখে মধ্যে প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রি/আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির জন্য বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবে ;

১। HSP MIS এ লগইন করার নিয়মাবলী:

HSP MIS এর লিংক (<http://hspbd.com/HSP-MIS/login>) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। User Name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে। User Name/ID ও Password ঠিক থাকলে তিনটি অপশন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে HSP MIS এর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। ড্যাশবোর্ডে প্রবেশ করে প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে কাজ শুরু করতে হবে।


২। প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির নিয়মাবলী:

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশনে' ক্লিক করতে হবে।
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন।
- 'সম্পাদন' বাটনে ক্লিক করুন। অতঃপর প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মে তথ্যসমূহ অর্থাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য আপডেট/এন্ট্রি করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর এন্ট্রি করতে হবে।

User Name/ID ও Password ব্যবহার করে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে hsp.sstipend@gmail.com ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।



(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ০২-৯৫৬৩৪১২।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/ ০৬

তারিখ: ১১.০১.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৮। প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সহকারী প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সংরক্ষণ নথি।


(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৫৯৫৯